

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
আইন শাখা-২  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
www.tmed.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার  
বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৬.০৪.০২১.১৯.৫৮

তারিখ: ৫ জ্যৈষ্ঠ ১৪২৬  
১৯ মে ২০১৯

বিষয়: রিট পিটিশন নং-১৮৪৯/২০০৭ মামলায় সরকার পক্ষে প্রয়োজনীয় আইনী ব্যবস্থা গ্রহণক্রমে  
টিএমইডিতে তথ্য প্রেরণ।

সূত্র: হাইকোর্ট বিভাগের রুল নিশি জারির আদেশ, তারিখ: ২৭.০২.২০০৭ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, মোছা: কাওছার জাহান, পিতা: আব্দুর রশিদ, বাসা নং-৬৫, রোড নং-১ পুলবান্দি রোড, পূর্ব পাড়া, থানা ও জেলা: গাইবান্ধা কর্তৃক মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং-১৮৪৯/২০০৭ মামলাটি দায়ের করা হয়েছে।

০২. মামলাটির রুল নিশি জারির আদেশ এবং আর্জি পর্যালোচনা করে দেখা যায় যে, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তরের স্মারক নং-ডিআইএ/গাইবান্ধা/১১-এম/২৭১/রাজ:১.৬, তারিখ: ০৭.০১.২০০৭ খ্রি: মূলে এক প্রতিবেদন রিপোর্টে আবেদনকারী মোছা: কাওছার জাহান এর শিক্ষাগত যোগ্যতা এবং নিয়োগ প্রক্রিয়ায় গুরুতর অনিয়মের অভিযোগ করা হয় এবং অভিযোগের আলোকে তার (আবেদনকারীর) নিয়োগ বাতিল করা হয় এতে সংশ্লিষ্ট হয়ে রিট পিটিশন নং-১৮৪৯/২০০৭ মামলাটি দায়ের করা হয়।

০৩. রিট পিটিশন নং-১৮৪৯/২০০৭ মামলায় সচিব, শিক্ষা মন্ত্রণালয় মহোদয়-কে ১নং রেসপনডেন্ট, মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর-কে ২ নং রেসপনডেন্ট, চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড-কে ৪ নং রেসপনডেন্টসহ মোট ১৩ (তের) জনকে রেসপনডেন্ট করা হয়েছে।

০৪. উক্ত মামলা বিষয়ে আইনী ব্যবস্থা গ্রহণের জন্য শিক্ষা মন্ত্রণালয়ের আইন সেলের স্মারক নং- শিম/আইনসেল রীট-১১৮/২০০৭/১১৩, তারিখ: ০৮.০৪.২০০৭ খ্রি: মূলে মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর-কে পত্র প্রেরণ করা হয় কিন্তু সে পত্রের কোন জবাব মন্ত্রণালয়ে অদ্যাবধি পাওয়া যায়নি।

০৫. মামলাটিতে সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতা করার লক্ষ্যে কী কী পদক্ষেপ গ্রহণ করা হয়েছে, রুল নিশি জারির প্রেক্ষিতে কোন জবাব (Affidavit in opposition) মহামান্য হাইকোর্টে দাখিল হয়েছে কী-না, মামলাটির শুনারী হয়ে কোন রায় হয়েছে কী-না এবং মামলাটির সর্বশেষ অবস্থা কী; মামলাটি বিষয়ে পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য তা জানা প্রয়োজন।

০৬. এমতাবস্থায় উপরিউক্ত বিষয়টি বিবেচনাক্রমে রিট পিটিশন নং-১৮৪৯/২০০৭ মামলায় সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতা করার লক্ষ্যে গৃহীত আইনী কার্যক্রমের তথ্য আগামী ৩০.০৫.২০১৯ খ্রি: তারিখের মধ্যে টিএমইডিতে প্রেরণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৯-৫-২০১৯

ড. মো: মহাতাব হোসেন  
সংযুক্ত কর্মকর্তা (আইন)

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)  
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৬.০৪.০২১.১৯.৫৮/১(৭)

তারিখ: ৫ জ্যৈষ্ঠ ১৪২৬  
১৯ মে ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)
২. মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইট প্রকাশের অনুরোধসহ)
- ৫। যুগ্মসচিব (অভিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৬। উপসচিব (অভিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। অফিস কপি, মাস্টার কপি



১৯-৫-২০১৯

ড. মো: মহাভাব হোসেন  
সংযুক্ত কর্মকর্তা (আইন)